

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়, ফুলছড়ি, গাইবান্ধা।  
doict.phulchari.gaibandha.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.৩২২১.০০০.২৬.০০১.২২-৩১

তারিখঃ ২৮ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ  
০৮ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ উপজেলা পর্যায়ের সকল সরকারী অফিসের ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদ করণ ও তদারকী করণ প্রসঙ্গে।**

সূত্রঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্মারক নং- ০৫.৫৫.৩২২১.০০২.২২.০০৪.১৩-২২৭ তারিখঃ ০৮ আগস্ট ২০২৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৭ (সাত) দিনের মধ্যে উপজেলা পর্যায়ের সকল সরকারী অফিস ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদ করণে উর্ধ্বতন কর্তৃপক্ষের জরুরী নির্দেশনা রয়েছে। নির্দেশনা অনুযায়ী আগামী ১০ আগস্ট ২০২৩ খ্রিঃ থেকে ১৬ আগস্ট ২০২৩ খ্রিঃ পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে উল্লেখিত সময়সূচি অনুযায়ী ওয়েবপোর্টাল হালনাগাদ করণে প্রশিক্ষণ প্রদান করা হবে। উক্ত কার্যক্রমে প্রত্যেক দপ্তর থেকে একজন দায়িত্বশীল (যিনি পরবর্তীতে ওয়েবপোর্টাল হালনাগাদ করবেন) ব্যক্তিকে ল্যাপটপ ও প্রয়োজনীয় তথ্যাদিসহ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পাঠানোর অনুরোধ করছি। উল্লেখ্য হালনাগাদ করণ সমাপ্তির পর যথাযথ কর্তৃপক্ষকে প্রতিবেদন প্রেরণ করা হবে। সেক্ষেত্রে কোন দপ্তরের নিজস্ব গুরুত্বহীনতায় বাদ পড়লে এর দায়ভার দপ্তর প্রধানের নিজের উপরই বর্তাবে।

তারিখ	সময়	যে যে দপ্তরের প্রশিক্ষণ প্রদান (ওয়েব পোর্টাল হালনাগাদ করণ) করা হবে।
১০/০৮/২০২৩	সকাল ১০টা থেকে	উপজেলা রিসোর্স সেন্টার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, জনস্বাস্থ্য প্রকৌশল, থানা, পিআইও অফিস
১৩/০৮/২০২৩	সকাল ১০টা থেকে	পরিবার পরিকল্পনা অফিস, বিআরডিবি, মহিলা বিষয়ক দপ্তর, সাব রেজিস্ট্রার, হিসাবরক্ষণ অফিস।
১৪/০৮/২০২৩	সকাল ১০টা থেকে	প্রকৌশলীর দপ্তর, খাদ্য নিয়ন্ত্রক, কৃষি অফিস, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, শিক্ষা অফিস।
১৫/০৮/২০২৩	সকাল ১০টা থেকে	প্রাণিসম্পদ দপ্তর, সমাজসেবা অফিস, সমবায় অফিস, নির্বাচন অফিস, ভূমি অফিস।
১৬/০৮/২০২৩	সকাল ১০টা থেকে	মৎস্য অফিস, আনসার ও ভিডিপি, মাধ্যমিক শিক্ষা অফিস ও সকল ইউনিয়ন পরিষদ।

সাথে যা যা আনতে হবেঃ ল্যাপটপ (ইন্টারনেট সংযোগসহ), কর্মরত কর্মকর্তা ও কর্মচারীর ছবিসহ তথ্যাদি, দপ্তরের পাতা সমূহঃ এক নজরে, ভিশন ও মিশন, আমাদের অর্জনসমূহ, সাম্প্রতিক কর্মকাণ্ড, ভবিষ্যৎ পরিকল্পনা, ঘটনাপুঞ্জ, প্রাক্তন অফিস-প্রধানগণ, সাংগঠনিক কাঠামো, সেবার তালিকা, সিটিজেন চার্টার, কী সেবা কীভাবে পাবেন, প্রশিক্ষণের তালিকা, প্রশিক্ষণের বিস্তারিত, প্রশিক্ষণ সংক্রান্ত পরামর্শ, ইউনিয়ন অফিস পরিদর্শন, প্রকল্প পরিদর্শন, জেলা/বিভাগীয়/ অধিদপ্তর/ মন্ত্রণালয়/বিভাগ ওয়েবপোর্টালের লিংক, ডাক যোগাযোগ ঠিকানা, অনলাইন যোগাযোগ ইত্যাদি।



(মোঃ কাজল মিয়া)

সহকারী প্রোগ্রামার

১। দপ্তর প্রধান (সকল) ও

২। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

উপজেলা কার্যালয়, ফুলছড়ি, গাইবান্ধা।

01723331517, kazal.cse91@gmail.com

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, গাইবান্ধা।

২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা।

৩। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, গাইবান্ধা।

৪। অফিস কপি।



(মোঃ কাজল মিয়া)

সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

উপজেলা কার্যালয়, ফুলছড়ি, গাইবান্ধা।